রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখের ৩০৯১ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

ক্রমিক নং-	পদের নাম ও বেতন স্কেল	যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী অধ্যাপক ঃ ইউ. আর. পি বিভাগ - ০১টি বেতন স্কেল: টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in Bachelor's degree in Urban & Regional Planning or equivalent degree from a recognized University/Institution plus 3 years of professional experience of which one year in active teaching with at least one publication. **Or** The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in Bachelor's degree in Urban & Regional Planning or equivalent degree and an MURP or equivalent in relevant branch from a recognized University/Institution plus 3 years of professional experience with at least one publication. **Or** The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in Bachelor's degree in Urban & Regional Planning or equivalent degree and an MURP or equivalent degree in relevant branch from a recognized University/Institution plus 2 years of professional experience of which one year in active teaching with at least one publication. **Or** The candidates must possess a CGPA of minimum 3.7 (in the scale of 4.0) or equivalent in Bachelor's degree in Urban & Regional Planning or equivalent degree and an MURP and a Ph.D or equivalent degree in the relevant discipline from a recognized University/Institution plus one year in active teaching with at least one publication.

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখের ৩০৯১ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদের আবেদনের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (ট্রান্সক্রিপ্টসহ শিক্ষাগত যোগ্যতা এবং নম্বরের শতকরা হার/গ্রেড পয়েন্ট উল্লেখ করতে হবে) ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের সত্যায়িত অনুলিপি এবং কোন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে গৃহীত চারিত্রিক সনদপত্রসহ সহকারী অধ্যাপক পদের জন্য মোট ৮ সেট আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

২। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের ন্যূনতম CGPA ৩.৭০ বা সমমান (সনাতন পদ্ধতির ৭০ % নম্বর) থাকতে হবে এবং এস.এস.সি ও এইচ.এস.সি CGPA ৫ এর মধ্যে নূন্যতম ৪ থাকতে হবে। তবে অভ্যান্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে Non Attainable CGPA শিথিল করা যেতে পারে।

৩। আবেদনপত্রের সাথে "রেজিষ্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ -এর ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৫। **উল্লেখিত পদসমূহে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ঃ ১৯/০৪/২০১৭ খ্রিঃ। উল্লেখ্য যে, উক্ত পদে নির্বাচনী পরীক্ষা আগামী ২২/০৪/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ৯-০০ ঘটিকায় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস কক্ষে (প্রশাসনিক ভবনের ২য় তলায়) নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতদ্‌সংক্রান্তে পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।**

৬। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যেতে পারে।

৭। অভিজ্ঞতার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের জন্য অনুমোদিত বিধিমালা মোতাবেক প্রদত্ত চাকুরীকাল গণনার নীতিমালা অনুসরণ করা হবে।

৮। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকবে।

৯। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ করা যেতে পারে যে, পদের সংখ্যা প্রয়োজনবোধে বাড়তে বা কমতে পারে ।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি, এ / ডি, এ প্রদান করা হবে না।

১২। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ৩০৯১/৫০

তারিখঃ ২২ চৈত্র, ১৪২৩ বঃ
০৫ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-

১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল হল প্রভোষ্ট/ শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহকারে।
৪। উপ-পরিচালক (জনসংযোগ), অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লিখিত বিজ্ঞপ্তিটি আগামী ২/১ দিনের মধ্যে জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহকারে।
৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সংরক্ষণ নথি।
৭। নথি।

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।